

বিজ্ঞপ্তি নং ২১২

তারিখ ২৫/০৫/২০১৬

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কারমাইকেল কলেজ, রংপুর-এ ২০১৬-১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। আগ্রহী সকলকে নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদন করার জন্য অহ্বান করা যাচ্ছে। টেলিটক প্রি-পেইড মোবাইল ব্যবহার করে এসএমএস ও অন লাইনের মাধ্যমে আবেদন করা যেতে পারে। (৩ নম্বর নিয়ম অনুসরণ করতে হবে)।

১। ভর্তির যোগ্যতা ও শাখা নির্বাচনঃ

ক) ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালে দেশের যে কোন শিক্ষাবোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৩, ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালে এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ভর্তির জন্য আবেদন করতে পারবে।

| | |
|--------------------------------------------------|---------------------|
| খ) বিজ্ঞান শাখায় ভর্তির জন্য নূন্যতম জিপিএ | ৫.০০ (৪র্থ বিষয়সহ) |
| মানবিক শাখায় ভর্তির জন্য নূন্যতম জিপিএ | ৪.০০ (৪র্থ বিষয়সহ) |
| ব্যবসায় শিক্ষা শাখায় ভর্তির জন্য নূন্যতম জিপিএ | ৪.০০ (৪র্থ বিষয়সহ) |

গ) ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ শাখা নির্বাচন করতে পারবেঃ

বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি

মানবিক শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি

ব্যবসায় শিক্ষা শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি

২। আবেদনের সময়সীমা : ২৬/০৫/২০১৬ হতে ০৯/০৬/২০১৬ তারিখ পর্যন্ত

৩। কারমাইকেল কলেজের EIIN নম্বর 127489

এসএমএস এর মাধ্যমে আবেদন করার পদ্ধতি : শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইলের ম্যাসেজ অপশনে গিয়ে CAD <Space> দিয়ে 127489 <Space> ভর্তিচ্ছু গ্রুপের নামের প্রথম দুই অক্ষর <Space> যে বোর্ড হতে এস.এস.সি পাশ করেছে সেই বোর্ডের প্রথম ০৩ (তিন) অক্ষর <Space> এস.এস.সি/ সমমান পাশের রোল নম্বর <Space> দিয়ে এস.এস.সি পাশের সন <Space> ভর্তি ইচ্ছু শিফট D <Space> ভার্শন B <Space> কোটা থাকলে FQ বা EQ যখন যেটি প্রযোজ্য সেটি লিখে (কোটা না থাকলে কিছু লিখতে হবে না) 16222 নম্বরে Send করতে হবে। এক্ষেত্রে প্রতিটি আবেদনের জন্য ১২০/- (একশত বিশ) টাকা হারে ফি প্রযোজ্য হবে।

ফিরতি SMS এ আবেদনকারীর নাম, কলেজের নাম ও EIIN, গ্রুপের নাম এবং শিফটসহ ফি বাবদ কত টাকা কেটে নেয়া হবে তা জানিয়ে একটি PIN প্রদান করা হবে। আবেদনে সম্মত থাকলে ম্যাসেজ অপশনে গিয়ে CAD <Space> Yes <Space> PIN <Space> Contact Number লিখে 16222 নম্বরে Send করতে হবে।

অন-লাইনের মাধ্যমে ভর্তির আবেদন করার পদ্ধতি :

আবেদন পদ্ধতি : আবেদনকারীকে নির্ধারিত ওয়েবসাইটে (xiclassadmission.gov.bd) যেয়ে Apply Online এ Click করতে হবে, এর পর প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক/ সমমান পরীক্ষার রোল নম্বর, বোর্ড ও পাশের সন সঠিকভাবে এন্ট্রি দিলে আবেদনকারী তার প্রাপ্ত জিপিএ ও ব্যক্তিগত তথ্য দেখতে পাবে। এরপর নিজের / অভিভাবকের ব্যবহৃত মোবাইল নম্বর এবং কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) দিতে হবে। এই মোবাইল নম্বরের মাধ্যমে বিভিন্ন সময়ে প্রার্থীকে SMS প্রেরণ করা হবে। বিধায় নম্বরটি নিশ্চিত হওয়ার জন্য ০২ বার এন্ট্রি দিতে হবে। অতঃপর তাকে ভর্তিচ্ছু কলেজ, শিফট, ভার্শন এবং গ্রুপ Select করতে হবে।

কোটার ক্ষেত্রে : শিক্ষার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা (মুক্তিযোদ্ধা, শিক্ষা কোটা) সিলেক্ট করতে হবে।

পছন্দক্রম নির্ধারণ : অনলাইনে ০১ জন আবেদনকারী সর্বোচ্চ ১০টি কলেজে বা সমমান শিক্ষা প্রতিষ্ঠানে আবেদন করতে পারবে। এক্ষেত্রে প্রার্থী Application ID এবং Password পাবে। তাছাড়াও প্রার্থীর মোবাইলে এ সংক্রান্ত একটি SMS বার্তা যাবে। উল্লেখ্য যে, একজন শিক্ষার্থী যতগুলো কলেজ আবেদন করবে সব কলেজেই তার মেধাক্রম নির্ধারণ হবে।

ফি প্রদান : অন-লাইনে সফলভাবে আবেদন Submit হওয়ার পর প্রার্থীরা শুধুমাত্র টেলিটক মোবাইল ব্যবহার করে SMS এর মাধ্যমে তাদের অন-লাইনে আবেদন ফি ম্যাসেজ অপশনে গিয়ে নিম্নলিখিত নিয়মে প্রদান করতে হবে। CAD <Space> WEB <Space> Application ID লিখে 16222 নম্বরে Send করতে হবে। ফিরতি SMS এ আবেদনকারী নাম, Application ID, কলেজের সংখ্যা এবং ফি বাবদ ১৫০/- টাকা (একশত পঞ্চাশ টাকা) কেটে নেয়া হবে তা জানিয়ে একটি PIN প্রদান করা হবে।

আবেদনে সম্মত থাকলে ম্যাসেজ অপশনে গিয়ে CAD <Space> Yes <Space> PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।

৪। ক্লাশ শুরুর তারিখ : ১০/০৭/২০১৬ সকাল ৮.৪৫টা।

৫। বিস্তারিত তথ্য কলেজের ওয়েব সাইট www.ccr.gov.bd থেকে জানা যাবে।

বিদ্রঃ মানবিক বা ব্যবসায় শিক্ষা শাখায় ভর্তিকৃত বিজ্ঞান শাখার শিক্ষার্থী আসন শূন্য থাকা সাপেক্ষে বিজ্ঞান শাখায় যেতে চাইলে তার জিপিএ ৫.০০ থাকতে হবে।

অধ্যক্ষ
কারমাইকেল কলেজ, রংপুর।